

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৭২

পরিচ্ছেদঃ ১৬২. বসে নামায আদায় করলে দাঁড়িয়ে আদায়ের অর্ধেক সাওয়াব পাওয়া যায়

باب مَا جَاءَ أَنَّ صَلاَةَ الْقَاعِدِ عَلَى النِّصنْفِ مِنْ صَلاَةِ الْقَائِمِ

আরবী

وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ طَهْمَانَ، بِهَذَا الإِسْنَادِ إِلاَّ أَنَّهُ يَقُولُ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنِ، قَالَ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ صَلاَةِ الْمَرِيضِ فَقَالَ " بْنِ حُصَيْنِ، قَالَ الْهِ عَلْى جَنْب " . حَدَّثَنَا بِذَلِكَ هَنَادٌ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ إِبْرَاهِيمَ بْنِ طَهْمَانَ عَنْ حُسيْنِ الْمُعَلِّمِ بِهَذَا الْحَدِيثُ . قَالَ أَبُو عِيسَى وَلاَ نَعْلَمُ وَكِيعٌ عَنْ إِبْرَاهِيمَ بْنِ طَهْمَانَ عَنْ حُسيْنِ الْمُعَلِّمِ نَحْوَ رِوَلِيَةٍ إِبْرَاهِيمَ بْنِ طَهْمَانَ . وَقَدْ رَوَى أَبُو أَسَامَةَ وَغَيْرُ وَاحِد عَنْ حُسيْنِ الْمُعَلِّمِ نَحْوَ رِوَلِيَةٍ عِيسَى بْنِ يُونُسَ . وَمَعْنَى هَذَا الْحَدِيثِ عِنْد وَغَيْرُ وَاحِد عَنْ حُسيْنِ الْمُعَلِّمِ نَحْوَ رِوَلِيَةٍ عِيسَى بْنِ يُونُسَ . وَمَعْنَى هَذَا الْحَدِيثِ عِنْد وَغَيْرُ وَاحِد عَنْ حُسيْنِ الْمُعَلِّمِ نَحْوَ رِوَلِيَةٍ عِيسَى بْنِ يُونُسَ . وَمَعْنَى هَذَا الْحَدِيثِ عِنْد وَغَيْرُ وَاحِد عَنْ حُسيْنِ الْمُعَلِّمِ نَحْوَ رِوَلِيَةٍ عِيسَى بْنِ يُونُسَ . وَمَعْنَى هَذَا الْحَدِيثِ عِنْد وَعَيْرَ الْمُولِمِ وَلَا الْعِلْمِ فِي صَلَاةَ التَّولُ عَنْ الْمُولِمِ وَلَا الْعِلْمِ فِي صَلَاةَ اللْمَولِمِ وَالْمَالَةُ وَلَا الْعَلْمُ عَنْ الْمُرْيِضِ أَقْلُ الْعِلْمِ فِي صَلَاقَ الْمُولِمِ وَاللَّهُ وَعُلَالًا الْعِلْمِ فِي صَلَاقَ الْمُولِمِ وَلَا الْعُلْمُ وَلَا الْعَلْمُ وَلَا الْعَلْمُ وَلَا الْعُلْمُ وَعُلَى الْقَالِمِ الْعُلْمُ وَلَا الْعَلْمُ وَعُلْلُ الْعِلْمُ فَي صَلَاقً الْمَولِمِ اللْمُولِمِ اللْمُولِمِ اللْمُولِمِ اللْمُولِمِ اللْمُ الْعِلْمُ وَمُ اللّهُ الْعِلْمُ وَقَالُ الْعُلْمُ وَلَا الْعَلْمُ وَلَا الْمَلْكُ وَلَا الْمُعْلِمُ الْعُلْمُ الْعِلْمُ وَلَى الْقَائِمِ الْعُلْمُ وَلَى الْقَالِمِ الْمَلْمُ الْمُؤْلِلُ الْعِلْمُ وَلَى اللْمُولِي اللْمُولِي اللْمُ الْعِلْمُ الْمُؤْلِلُ الْعَلْمُ وَلَا الْمُلْكُ وَلَا الْمَلْمُ وَلَا الْمُولِي اللْمُ الْعُلْمُ الْمُؤْلِلُ الْعُلْمُ الْعُلْمُ الْمُولِمِ اللْمُعْلِمُ الْمُولِمُ اللْمُ الْعِلْمُ الْعُلْمُ الْمُولِمُ اللْمُولِمِ اللْمُ الْعُلْمُ الْمُولِمِ اللْمُولِمُ اللْمُ الْمُعْلَى اللْمُ الْعُلْمُ الْمُعْلِمُ اللْمُ الْعُلْمُ الْمُو

বাংলা

৩৭২। ইমরান ইবনু হুসাইন (রাঃ) হতে বর্ণিত আছে। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অসুস্থ ব্যক্তির নামায আদায় করা প্রসঙ্গে প্রশ্ন করলাম। তিনি বললেনঃ দাঁড়িয়ে নামায আদায় কর; যদি দাড়িয়ে আদায় করতে সক্ষম না হও তবে বসে নামায আদায় কর; যদি বসে নামায আদায় করতে সক্ষম না



হও তবে (শুয়ে) কাত হয়ে নামায আদায় কর। —সহীহ। ইরওয়া— (২৯৯), বুখারী।

আবু ঈসা বলেনঃ হুসাইন আল-মুয়াল্লিম হতে ইবরাহীম ইবনু তাহমানের বর্ণনার মতো অন্য কেউ বর্ণনা করেছেন বলে আমাদের জানা নেই। আবু উসামা এবং আরো অনেকে হুসাইন আল-মুয়াল্লিম হতে ঈসা ইবনু ইউনুসের বর্ণনার অনুরূপ বর্ণনা করেছেন। কিছু বিদ্বানের মতে নফল নামাযের জন্য এ সম্মতি দেয়া হয়েছে।

হাসান (বাসরী) হতে বর্ণিত আছে, নফল নামায আদায়কারী ইচ্ছা করলে দাড়িয়ে, বসে বা শুয়েও নামায আদায় করতে পারে। সন্দ সহীহ।

যে অসুস্থ ব্যক্তি বসে নামায আদায় করতে অক্ষম সে ব্যক্তি কিভাবে নামায আদায় করবে এ ব্যাপারে বিদ্বানগণের মতের অমিল রয়েছে। একদল বিদ্বান বলেন, এমন ব্যক্তি ডানকাতে শুয়ে (কিবলার দিকে মুখ করে) নামায আদায় করবে। আরেক দল বিদ্বান বলেন, চিৎ হয়ে শুয়ে কিবলার দিকে পা দিয়ে (মাথা সামান্য উচু করে) নামায আদায় করবে। ইমরান ইবনু হুসাইনের এ হাদীসের ব্যাখ্যায় সুফইয়ান সাওরী বলেনঃ সুস্থ্য ব্যক্তি যার কোন উযর নেই সে বসে নামায পড়লে দাড়িয়ে নামায পড়ার অর্ধেক সাওয়াব পাবে যদি তা নফল নামায হয়। আর যে ব্যক্তির উযর বা আপত্তি আছে সে যদি বসে নামায পড়ে তবে সে দাড়িয়ে নামায পড়ার মতোই সাওয়াব পাবে। কোন কোন হাদীসে সুফইয়ান সাওরীর মতের সমর্থনে বর্ণনা রয়েছে।

## **English**

This Hadith has been related from Ibrahim bin Tahman with this chain. Except that he said:

"From Imran bin Husain who said: 'I asked Allah's Messenger (S) about Salat for a sick person. He said: "He performs Salat standing, if he is not able then sitting, if he is not able then on his side."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ ইমরান ইবন হুসায়ন (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন